

তারিখ: 14/06/2017

**পৃথ্বী ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড (মাল্টিস্টেট), লখনৌ-এর ওয়েবসাইটে অসত্য এবং
বিভ্রান্তিমূলক বিবৃতি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নজরে এসেছে যে শিরোনামের সোসাইটি তাদের ওয়েবসাইট <http://prithvisociety.com> – এ রিজার্ভ ব্যাঙ্কের ফেব্রুয়ারী 08, 2017 তারিখাঙ্কিত পত্র LK.DCBS.1391/10.10.016/2016-17-এর বিষয় বস্তু ভ্রান্তভাবে উল্লেখ করে এই অসত্য বিবৃতি প্রদর্শনের মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করছে যে আরবিআই মাল্টিস্টেট পৃথ্বী ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-কে মাল্টিস্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে রূপান্তরিত করার উদ্দেশ্যে এনওসি জারি করেছে। জনসাধারণের গোচরে আনা হচ্ছে যে রিজার্ভ ব্যাঙ্ক মাল্টিস্টেট পৃথ্বী ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড কে মাল্টিস্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে রূপান্তরিত করার উদ্দেশ্যে এরূপ কোনও এনওসি জারি করেনি। অধিকন্তু, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত সোসাইটিকে অবিলম্বে সোসাইটির ওয়েবসাইট থেকে অসত্য এবং ভ্রান্ত ঘোষণা/ বিবৃতি প্রত্যাহার/ অপসারণ করতে এবং প্রকৃত এবং সত্য অবস্থার স্পষ্টীকরণ সমেত একটি যথাযথ সংশোধনী জারি করতে আদেশ করেছে। সোসাইটির ওয়েবসাইটের এরূপ অসত্য এবং বিভ্রান্তিকর বিষয়বস্তু শিকার হওয়ার হাত থেকে জনসাধারণকে সাবধান করতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক এই নোটিশটি জারি করা হল।

অনিরুধা ডি. জাদব

সহায়ক প্রবন্ধক

প্রেস প্রকাশনি: 2016-2017/3376